

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
জননিরাপত্তা বিভাগ  
পুলিশ-১ শাখা  
www.mhapsd.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৪.১১.০২৫.২০ ৪৭০

তারিখ : ০১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
১৫ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৭-১১-২০২২ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১. ২৫৪৫.২০২২-২৩৯ সংখ্যক পত্রে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীগণকে বাংলাদেশ পুলিশ, বিশেষ শাখা (এসবি), ঢাকা এর শূন্য পদের বিপরীতে 'প্রোগ্রামার' পদে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর থ্রেড-৬; টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- বেতনক্রমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	সুপারিশকৃত প্রার্থীদের নাম	রেজিস্ট্রেশন নম্বর	জেলা
১.	MD. ASIF ANJUM AKASH	000063	Khulna
২.	MD. LIAZ MAHAMUD LEMON	000052	Dinajpur
৩.	MD. ROKAN UDDIN	000041	Noakhali
৪.	MUHAMMAD TARIK AKHTER	000150	Lakshimpur


- ক) যোগদানের তারিখ হতে বিধি মোতাবেক তিনি ২(দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকবেন। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিশকাল অনূর্ধ্ব ২ (দুই) বছর বর্ধিত করতে পারবে। এ সময়ের মধ্যে আয়োজিত প্রশিক্ষণে তাকে অংশগ্রহণ এবং গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি থেকে অপসারণ করা যাবে;
- খ) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামিনদারসহ তাকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্টাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ৩(তিন) বছরের মধ্যে চাকরি থেকে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে বেতন, আনুতোষিক এবং তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন;
- গ) বাংলাদেশ সরকারি কর্মকমিশন প্রদত্ত মেধা তালিকা ও প্রচলিত অন্যান্য সরকারি বিধি মোতাবেক তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- ঘ) চাকরিতে থাকাকালে সরকারি সকল বিধি বিধান তার ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- ঙ) এ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে;
- চ) চাকরিতে নিয়োজিত থাকাকালীন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকরির জন্য আবেদন করা বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না;
- ছ) যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণভাতা বা দৈনিকভাতা প্রদান করা হবে না;
- জ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্বাবর-অস্বাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় এ বিভাগে জমা দিতে হবে;

চলমান পাতা-২

২। যদি উক্ত শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য হয় তাহলে পত্র প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা বরাবরে যোগদানের নির্দেশ দেয়া হলো। নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
২৫/৩/২০২৩

মো: মাহাবুর রহমান শেখ

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৮৮০২২২৩৩৫৪৫৩১

police1@mhapsd.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৪.১১.০২৫.২০ ৪৭০/২(২২)

তারিখ : ০১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
১৫ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ২। সিনিয়র সচিব/সচিব.....মন্ত্রণালয়/বিভাগ
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
- ৪। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ৫। কম্পিউটার এন্ড অডিটর জেনারেল অব বাংলাদেশ ঢাকা
- ৬। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা  
এ প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেট-সংখ্যায় প্রকাশনার জন্য অনুরোধ করা হলো
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯। উপসচিব (নিরাপত্তা-২ শাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদানের নিমিত্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুরোধসহ)
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ১১। সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, ওয়েবসাইটে প্রকাশের জন্য
- ১২। জনাব .....